

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
ভূমি সংস্কার বোর্ড  
শাখা-৬  
ভূমি ভবন, ৯৮, শহীদ তাজউদ্দীন আহমদ স্মরণি  
তেজগাঁও, ঢাকা-১২০৮  
www.lrb.gov.bd



স্মারক নং ৩১.০২.০০০০.০১৬.৩১.০১৫.২০. ১৬

তারিখ: ০৫ জ্যৈষ্ঠ ১৪২৮ বঙ্গাব্দ  
১৯ মে ২০২১ খ্রিষ্টাব্দ

বিষয় : পার্বত্য ০৩টি জেলা ব্যতীত সহকারী কমিশনার (ভূমি) গণের ভূমি উন্নয়ন কর ব্যবস্থাপনা সফটওয়্যার এর উপর জুম  
ভার্চুয়াল রিফ্রেশার্স প্রশিক্ষণ।

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, সরকার ঘোষিত ডিজিটাল বাংলাদেশ বিনির্মাণে ভূমি সেবা গ্রহীতাদেরকে স্বল্প ব্যয়ে, স্বল্প সময়ে ও সহজসেবা প্রদানের জন্য ভূমি সংস্কার বোর্ড কর্তৃক ডিজিটাল পদ্ধতিতে ভূমি উন্নয়ন কর আদায়ের লক্ষ্যে ভূমি উন্নয়ন কর ব্যবস্থাপনা সফটওয়্যার এর ১ম, ২য় ও ৩য় পর্যায়ের পাইলটিং এর ধারাবাহিকতায় সারাদেশে শতভাগ ডাটা এন্ট্রির কার্যক্রম চলমান রয়েছে।

০২। ভূমি উন্নয়ন কর ব্যবস্থাপনা সফটওয়্যারে ডাটা এন্ট্রির ক্ষেত্রে নাগরিক কর্নার থেকে **নাগরিক নিবন্ধন** এর মাধ্যমে ভূমি উন্নয়ন কর প্রদানের ব্যবস্থাসহ সিস্টেম অপরিবর্তিত রেখে নতুন কিছু আপগ্রেডেশন আনা হয়েছে, যা লাইভ সার্ভারে সংযুক্ত করা হচ্ছে। উক্ত আপগ্রেডেশনসমূহ অবহিত করার জন্য এবং ডাটা এন্ট্রির কাজকে ত্বরান্বিত করার জন্য পার্বত্য ০৩টি জেলার ২০টি উপজেলা ব্যতীত সারাদেশের অবশিষ্ট ৪৯১টি উপজেলা/সার্কেল/মেট্রো থানা ভূমি অফিসের সহকারী কমিশনার (ভূমি)গণকে নিয়ে ০৮টি বিভাগে নিম্নোক্ত সময়সূচি অনুযায়ী ভূমি উন্নয়ন কর ব্যবস্থাপনা সফটওয়্যার এর আপগ্রেডেশন বিষয়ক জুম ভার্চুয়াল রিফ্রেশার্স প্রশিক্ষণের আয়োজন করা হবেঃ

ক্রঃ নং	বিভাগের নাম	বিভাগের জেলার নাম ও সংখ্যা	প্রশিক্ষণার্থী/অংশগ্রহণ কারী কর্মকর্তা	প্রশিক্ষণার্থী/অংশগ্রহণ কারী কর্মকর্তার সংখ্যা	তারিখ,বার ও সময়
০১	ঢাকা বিভাগ (১ম শিফট)	ঢাকা, নারায়ণগঞ্জ, মুন্সিগঞ্জ, গাজীপুর, নরসিংদী, মানিকগঞ্জ = ০৬ টি জেলা	সহকারী কমিশনার (ভূমি)	৫১ জন	২৫/০৫/২০২১ খ্রিঃ মঙ্গলবার সকাল ১০.০০-০১.০০ ঘটিকা
	ঢাকা বিভাগ (২য় শিফট)	ফরিদপুর, গোপালগঞ্জ, কিশোরগঞ্জ, মাদারীপুর, শরীয়তপুর, রাজবাড়ী, টাঙ্গাইল = ০৭টি জেলা	সহকারী কমিশনার (ভূমি)	৫৪ জন	২৫/০৫/২০২১ খ্রিঃ মঙ্গলবার দুপুর ০২.০০-০৫.০০ ঘটিকা
০২	চট্টগ্রাম বিভাগ (১ম শিফট)	১১ টি জেলা	সহকারী কমিশনার (ভূমি)	৮৩ জন	২৭/০৫/২০২১ খ্রিঃ বৃহস্পতিবার সকাল ১০.০০-০১.০০ ঘটিকা
	সিলেট ও ময়মনসিংহ বিভাগ (২য় শিফট)	(৪ + ৪) = ৮টি জেলা	সহকারী কমিশনার (ভূমি)	(৪০ + ৩৫) = ৭৫ জন	২৭/০৫/২০২১ খ্রিঃ বৃহস্পতিবার দুপুর ০২.০০-০৫.০০ ঘটিকা

←

০৩	খুলনা বিভাগ (১ম শিফট)	১০টি জেলা	সহকারী কমিশনার (ভূমি)	৬০ জন	৩০/০৫/২০২১ খ্রিঃ রবিবার সকাল ১০.০০-০১.০০ ঘটিকা
	বরিশাল বিভাগ (২য় শিফট)	০৬টি জেলা	সহকারী কমিশনার (ভূমি)	৪২ জন	৩০/০৫/২০২১ খ্রিঃ রবিবার দুপুর ০২.০০-০৫.০০ ঘটিকা
০৪	রাজশাহী বিভাগ (১ম শিফট)	০৮টি জেলা	সহকারী কমিশনার (ভূমি)	৬৮ জন	৩১/০৫/২০২১ খ্রিঃ সোমবার সকাল ১০.০০-০১.০০ ঘটিকা
	রংপুর বিভাগ (২য় শিফট)	০৮টি জেলা	সহকারী কমিশনার (ভূমি)	৫৮ জন	৩১/০৫/২০২১ খ্রিঃ সোমবার দুপুর ০২.০০-০৫.০০ ঘটিকা

০৩। উক্ত জুম ভার্চুয়াল রিফ্রেশার্স প্রশিক্ষণের আই ডিঃ 8711313829, পাসওয়ার্ডঃ LDT123। পদবি ও কর্মস্থল (উদাহরণস্বরূপঃ এসিল্যান্ড, মানিকগঞ্জ সদর, মানিকগঞ্জ/ACLand, Manikganj Sadar, Manikganj) নাম ব্যবহার করে প্রশিক্ষণে সংযুক্ত হতে হবে। প্রশিক্ষণ চলাকালীন দাপ্তরিক কাজ করা যাবে না, সার্বক্ষণিক লাইভ ভিডিও চালু রাখতে হবে। লাইভ ভিডিও বন্ধ থাকলে উক্ত অংশগ্রহণকারী প্রশিক্ষণে সংযুক্ত নেই মর্মে প্রতীয়মান হবে এবং তিনি প্রশিক্ষণে অনুপস্থিত বলে গণ্য হবেন।

অতএব, উক্ত জুম ভার্চুয়াল রিফ্রেশার্স প্রশিক্ষণে নির্ধারিত তারিখ ও সময়ে সংশ্লিষ্ট সকলকে অংশগ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

(জিনিয়া জিন্নাত)

সহকারী ভূমি সংস্কার কমিশনার

ভূমি সংস্কার বোর্ড, ঢাকা

ফোন- ৮১৭০১৫৭

ই-মেইল alrc6@lrb.gov.bd

অনুলিপি সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

- (১) সচিব, ভূমি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
- (২) সদস্য (প্রশাসন/ভূমি ব্যবস্থাপনা), ভূমি সংস্কার বোর্ড, ঢাকা
- (৩) বিভাগীয় কমিশনার, .....(সকল)
- (৪) প্রকল্প পরিচালক (যুগ্মসচিব), ভূমি ব্যবস্থাপনা অটোমেশন প্রকল্প, ভূমি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
- (৫) অতিরিক্ত বিভাগীয় কমিশনার (রাজস্ব), .....(সকল)
- (৬) জেলা প্রশাসক, .....(সকল)
- (৭) উপ-ভূমি সংস্কার কমিশনার-১/২/৩, ভূমি সংস্কার বোর্ড, ঢাকা
- (৮) উপ-ভূমি সংস্কার কমিশনার, ঢাকা/চট্টগ্রাম/রাজশাহী/খুলনা/বরিশাল/সিলেট/রংপুর/ময়মনসিংহ বিভাগ (বিষয়টি নিশ্চিতকরণার্থে এবং প্রশিক্ষণ চলাকালীন তদারকি করার অনুরোধসহ)
- (৯) অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব), .....(সকল)
- (১০) সহকারী ভূমি সংস্কার কমিশনার-১/২/৩/৪/৫/৬, ভূমি সংস্কার বোর্ড, ঢাকা
- (১১) সহকারী ভূমি সংস্কার কমিশনার-২, ভূমি সংস্কার বোর্ড, ঢাকা (উক্ত প্রশিক্ষণে আপ্যায়নের ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)
- (১২) চেয়ারম্যান এর একান্ত সচিব, ভূমি সংস্কার বোর্ড, ঢাকা (চেয়ারম্যান মহোদয়ের অবগতির জন্য)
- (১৩) সহকারী কমিশনার (ভূমি), উপজেলা ভূমি অফিস....., জেলা.....(সকল)
- (১৪) সহকারী প্রোগ্রামার, ভূমি সংস্কার বোর্ড, ঢাকা ( ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)
- (১৫) ব্যবস্থাপনা পরিচালক, মাইসফট হ্যাভেন (বিডি) লিঃ, ঢাকা (উক্ত প্রশিক্ষণে নির্ধারিত তারিখ ও সময়ে প্রশিক্ষক প্রেরণের অনুরোধসহ)
- (১৬) অফিস কপি